



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।



website: www.ranguniacollege.edu.bd E-mail: info@ranguniacollege.edu.bd

নং- ২০২৩/০ ৭৫

তারিখ: ২৬/০৭/২০২৩ খ্রি.

২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

কলেজের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তির (স্মারক নং- ০৫(৫৩০) জাতীয় বিঃ/পরীঃ/ডিগ্রি পাস/ ২০২১/৪৮১৫ তারিখ : ১৯/০৭/২০২৩ খ্রি.) নির্দেশনা অনুযায়ী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। আত্মহী পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup) এ লিংক ক্লিক করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন পূর্বক বকেয়া টাকার রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে “বাংলাদেশ কৃষি ব্যাংক” রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটিকে প্রদর্শন করে নামের পাশে উল্লিখিত তারিখের মধ্যে স্বাক্ষরবিধি মেনে আবেদন ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

সম্মানিত পরীক্ষা কমিটি নিম্নরূপ :

পরীক্ষা কমিটির নাম	বিভাগ	পূরণকৃত ফরম জমা দেয়ার তারিখ
জনাব নাজমুল করিম মোঃ শাহারিয়ার	বিএ	১০/০৮/২০২৩ থেকে ১৪/০৮/২০২৩ খ্রি.
জনাব মোঃ জাহেদুল আলম	বিবিএস	
জনাব বেগম তাহমিনা ইয়াছমিন নূর	বিএসএস/বিএসসি	

পরীক্ষার্থীদের করণীয় :

১. আগামী ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখ থেকে অনুষ্ঠিতব্য ইনকোর্স পরীক্ষায় আবশ্যিকীয়ভাবে অংশগ্রহণ করতে হবে।
২. পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।
৩. পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রসিদ ছবি আটা দিয়ে লাগাতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রি পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত:

১. ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
২. উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৩. এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রি পাস কোর্স ৩য় বর্ষ পরীক্ষা অনিয়মিত:

১. ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
২. উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে “ইংরেজি” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
৩. ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্র/কোর্সে F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
৪. ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০২০ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্ণ হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় D ন্যূনতম পেতে হবে। ব্যবহারিক পরীক্ষার মানোন্নয়নের সুযোগ নেই।

গ) মানোন্নয়ন :

১. ২০২০ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মনোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মনোন্নয়নের সুযোগ নাই।

উল্লিখিত তারিখের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশ গ্রহণে সৃষ্ট যেকোন জটিলতার জন্য কেবল মাত্র শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে। কলেজ কর্তৃপক্ষকে কোনরূপ দায়ী করা যাবে না।

এ.কে.এম. সূজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
এ.কে.এম. সূজা উদ্দীন
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

অনুলিপি :
১. জনাব নাজমুল করিম মোঃ শাহারিয়ার, আহ্বায়ক, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২১।

২. জনাব মোঃ জাহেদুল আলম, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২১।
৩. জনাব বেগম তাহমিনা ইয়াছমিন নূর, সদস্য, ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি-২০২১।
৪. জনাব মোঃ আবদুল মান্নান পাটওয়ারী, হিসাবরক্ষক, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
৫. জনাব জনাব মোঃ হুম্মার মিয়া, কম্পিউটার অপারেটর - ডাটা এন্ট্রি ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য।
৬. অফিস নথি।

নাজমুল করিম মোঃ শাহারিয়ার
আহ্বায়ক

ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি- ২০২১
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।